৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ১৪ মে, ২০১৯ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ এনইসি সম্মেলন কক্ষ, পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ এম এ মান্নান এম পি
মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি সভার শুরুতেই গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব, ১৫ আগস্টের সকল শহীদ, জাতীয় চার নেতা এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সকল বীর মুক্তিযোদ্ধা ও দুই লক্ষ নির্যাতিতা মা-বোনকে । অত:পর তিনি পরিকল্পনা বিভাগের সচিব জনাব মো: নূরুল আমিনকে স্বাগত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান।

স্বাগত বক্তব্যে পরিকল্পনা বিভাগের সচিব জনাব মো: নূরুল আমিন জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নেত্রীত্বে ১০২ সদস্য বিশিষ্ট "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি" এবং জাতীয় অধ্যাপক জনাব মোঃ রফিকুল ইসলাম এর সভাপতিত্বে ৬১ সদস্য বিশিষ্ট "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি" নামে ০২টি উচ্চ পর্যায়ের জাতীয় কমিটি গঠন করা হয়েছে। তিনি আরও জানান যে, জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক পত্রনং- জাতীয় বাস্তবায়ন কমিটি /২০১৯/০২৫(২২), তারিখ ২৮/০৪/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন করে ১৫মে ২০১৯ খ্রি: তারিখের মধ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করেছেন, তবে এ তারিখ আগামী ১৯ মে ২০১৯ পর্যন্ত বর্ধিত করা হয়েছে । পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত আজকের এ সভা আহবান করা হয়েছে। তিনি বলেন যে, গত ১২.০৫.২০১৯ খ্রিঃ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয় এবং তিনি এ সভায় অংশ গ্রহণ করেন। উক্ত সভায় ১৭ মার্চ, ২০২০ থেকে ১৭ মার্চ, ২০২১ সাল পর্যন্ত সময়কে মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে। কর্মপরিকল্পনাসমূহ উক্ত সময়ে বাস্তবায়ন করতে হবে। তিনি আরো জানান যে, মুজিব বর্ষকে উপলক্ষ্য করে গত ১৩ মে ২০১৯খ্রি: তারিখে পরিকল্পনা বিভাগে এক প্রস্তুতিমূলক সভা করা হয়েছে এবং সেখানে কিছু প্রস্তাবনা পাওয়া গিয়েছে যা তিনি পড়ে শুনান। তিনি আরও জানান যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন প্রতিটি বিভাগ (পরিকল্পনা বিভাগ, আইএমইডি বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ) থেকে একজন করে ফোকাল পয়েন্ট এবং একজন বিকল্প ফোকাল পয়েন্ট এর নাম জাতীয় সমন্বয় কমিটির প্রধান সমন্বয়কের বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সচিব মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফলভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে স্বাগত বক্তব্য শেষ করেন।

অত:পর সভাপতি উপস্থিত অন্যান্য বিভাগের কর্মকর্তাদের তাঁদের বক্তব্য প্রদানের জন্য আহবান জানান।

জাতীয় উন্নয়ন পরিকল্পনা একাডেমির মহাপরিচালক জনাব মো: আবুল কাসেম সভাকে জানান যে, বঙ্গবন্ধুর দর্শন ও সোনার বাংলা নিয়ে ২টি মডিউল ও গবেষণাধর্মী পুস্তক প্রকাশ করার পরিকল্পনা জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমীর রয়েছে। তিনি আরো জানান যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের কিছু যৌথ কর্মসূচি ও স্ব স্ব বিভাগও সংস্থার পৃথক কর্মসূচি পালন করার ব্যবস্থা নেয়া যায় ।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উৎসাহ ও উদ্দীপনার সাথে পালনের জন্য সকলের সহযোগিতা ও অংশগ্রহণ কামনা করেন এবং মন্ত্রণালয়ের পাশাপাশি তাঁর বিভাগ স্বতন্ত্র ভাবেও কিছু কার্যক্রম গ্রহণ করবে বলে সভাকে জানান।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

অত:পর আই এম ই ডির ভারপ্রাপ্ত সচিব জনাব আবুল মনসুর মো: ফয়েজউল্লাহ বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, বাংলাদেশ সৃষ্টিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান অপরিসীম। তিনি আরও বলেন যে, বঙ্গবন্ধুর অবদানের উপর ভিত্তি করে একটি স্মরণিকা প্রকাশের প্রস্তুতি তাঁদের রয়েছে। তাছাড়া বৎসরব্যাপী (১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত) সেমিনার সিম্পোজিয়াম ও অন্যান্য কর্মসূচি গ্রহণের পরিকল্পনা আইএমইডি বিভাগের রয়েছে।
শিল্প ও শক্তি বিভাগের সদস্য শামিমা নার্গিস জানান যে, জাতীয় সমন্বয় কমিটির কর্মসূচির সাথে সাংঘর্ষিক হয় এমন বিষয়গুলো পরিহার করে কর্মসূচি গ্রহণ করতে হবে এবং কর্মসূচি সমূহ সফলভাবে বাস্তায়নার্থে প্রতিটি বিভাগ থেকে একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকাল পয়েন্টের নাম জাতীয় কমিটিতে প্রেরণ করতে হবে।

সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম জানান যে, এমনভাবে কর্মসূচি গ্রহণ করতে হবে যেন জাতীয় কর্মসূচির সাথে তা দ্বৈত ও সাংঘর্ষিক না হয়। তিনি আরো জানান যে, বঙ্গবন্ধু দেশে ফিরে ৩০ জানুয়ারী ১৯৭২ সালে পরিকল্পনা কমিশন গঠন করেন তবে এতদ্বিষয়ে তথ্য যাচাই এর প্রয়োজন রয়েছে এবং এ বিষয়ে তিনি সহযোগিতা করবেন বলে জানান। তাই যথাযথ মর্যাদায় কমিশনের প্রতিষ্ঠা বার্ষিকী পালনের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা নিয়ে Video clip প্রকাশ করার অভিমত ব্যক্ত করেন এবং এ ব্যাপারে পরিকল্পনা বিভাগকে সাধারণ অর্থনীতি বিভাগ সহযোগিতা প্রদান করবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সদস্যদের মধ্য থেকে অনেকেই বৎসর ব্যাপী কর্মসূচি গ্রহণের উপর তাঁদের সুচিন্তিত মতামত প্রকাশ করেন ও কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

অতঃপর সভার সভাপতি মাননীয় মন্ত্রী জনাব এম এ মান্নান এমপি মহোদয় তাঁর দিক নির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন। তিনি সকলকে সম্মিলিতভাবে জাতীয় কমিটির নির্দেশনার আলোকে কর্মসূচি গ্রহণ, সফল বাস্তবায়ন, কেন্দ্রীয় কমিটির সাথে যোগাযোগের জন্য ফোকাল পয়েন্ট মনোনয়ন এর নির্দেশনা প্রদান করেন এবং বৎসরব্যাপী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে নিম্নরুপ বাস্তবায়ন কমিটি গঠন করা হয়:

৩.০ **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ১. | এম এ মান্নান, সংসদ সদস্য ও পরিকল্পনা মন্ত্রী | সভাপতি |
| ২. | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ | সদস্য |
| ৩. | সদস্য, ভৌত ও অবকাঠামো বিভাগ | সদস্য |
| ৪. | সদস্য, শিল্প ও শক্তি বিভাগ | সদস্য |
| ৫. | সদস্য, আর্থ সামজিক অবকাঠামো বিভাগ | সদস্য |
| ৬. | সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৭. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৮. | সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |
| ৯. | মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ১১. | অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ১২. | অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়), পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ১৩. | অতিরিক্ত সচিব (পিটি), পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ১৪. | অতিরিক্ত সচিব (বাজেট), পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ১৫. | অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ১৬. | অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ১৭. | অতিরিক্ত সচিব (তথ্য ও ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ১৮. | প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১৯. | প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ২০. | প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ২১. | প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ২২. | প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ,পরিকল্পনা কমিশন | সদস্য |
| ২৩. | প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ২৪. | প্রধান, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (আইএমইডি) | সদস্য |
| ২৫. | মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান | সদস্য |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | | |
|---|---|---|
| ২৬. | মহাপরিচালক, সিপিটিইউ, (আইএমইডি) | সদস্য |
| ২৭. | মহাপরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (আইএমইডি) | সদস্য |
| ২৮. | মহাপরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩ (আইএমইডি) | সদস্য |
| ২৯. | মহাপরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ (আইএমইডি) | সদস্য |
| ৩০. | মহাপরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫ (আইএমইডি) | সদস্য |
| ৩১. | মহাপরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (আইএমইডি) | সদস্য |
| ৩২. | মহাপরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭ (আইএমইডি) | সদস্য |
| ৩৩. | মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ (আইএমইডি) | সদস্য |
| ৩৪. | যুগ্ম সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ৩৫. | যুগ্ম সচিব (প্রশাসন),পরিসংখ্যান বিভাগ | সদস্য |
| ৩৬. | যুগ্ম সচিব (প্রশাসন),আইএমইডি | সদস্য |
| ৩৭. | সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্য পরিধি:**

৩.১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত সার্বিক পরিকল্পনা, কর্মসূচি ও বাজেট প্রণয়ন এবং অনুমোদন।

৩.২. প্রয়োজনে বিভিন্ন উপ কমিটি গঠন এবং সদস্য কো-অপ্ট করা

৩.৩. কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৩.৪. সংশ্লিষ্ট বিভাগ কর্মসূচি বাস্তবায়ন কাজে কমিটিকে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৪.০ **বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত কর্মপরিকল্পনা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| ক্রঃ নং | কর্মসূচী | বাস্তবায়নকাল | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ পরিকল্পনা কমিশন দিবস জাতীয় ভাবে উদ্‌যাপন | ৩০ জানুয়ারি, ২০২০ | পরিকল্পনা কমিশনসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের সকল বিভাগ |
| ০২ | ঐতিহাসিক ৭ই মার্চ উদ্‌যাপন | ০৭ মার্চ, ২০২০ | পরিকল্পনা কমিশনসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের সকল বিভাগ |
| ০৩ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন | ১৭ মার্চ, ২০২০ | ঐ |
| ০৪ | স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন | ২৬ মার্চ, ২০২০ | ঐ |
| ০৫ | মুজিব নগর দিবস উদ্‌যাপন | ১৭ এপ্রিল, ২০২০ | ঐ |
| ০৬ | জাতীয় শোক দিবস উদ্‌যাপন | ১৫ আগস্ট, ২০২০ | ঐ |
| ০৭ | মহান বিজয় দিবস | ১৬ ডিসেম্বর ২০২০ | ঐ |
| ০৮ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদ্‌যাপন | ১০ জানুয়ারি, ২০২১ | ঐ |
| ০৯ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর জীবদ্দশায় উন্নয়ন ভাবনা নিয়ে যে সকল বক্তব্য প্রদান করেছেন সে সকল বক্তব্যের ভিডিও ক্লিপ আর্কাইভ হতে সংগ্রহপূর্বক একত্রিত করে "বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন" নামক ডকুমেন্টেশন তৈরী এবং পুস্তিকা প্রকাশ | ১৭ মার্চ, ২০২০ থেকে ১৭ মার্চ, ২০২১ সময়ের মধ্যে সুবিধাজনক সময় | পরিকল্পনা বিভাগ (সহযোগিতায় জিইডি) |
| ১০ | সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক এ পর্যন্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে যতগুলো গবেষণা হয়েছে সেগুলো নিয়ে একটি সেমিনার করা | ঐ | এসএসআরসি, পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্রঃ নং | কর্মসূচী | বাস্তবায়নকাল | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১১ | বঙ্গবন্ধুর উন্নয়ন বিষয়ক বিষয়গুলো নিয়ে একটি আলোক চিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা | ঐ | পরিকল্পনা কমিশনসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের সকল বিভাগ |
| ১২ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম বার্ষিকী উদ্‌যাপন ও জন্মশত বার্ষিকী উদযাপন সমাপ্তি ঘোষণা | ১৭ মার্চ, ২০২১ | ঐ |

৫.০ পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক উপরোক্ত সিদ্ধান্তের আলোকে গৃহিত কর্মপরিকল্পনা জাতীয় সমন্বয় কমিটির প্রধান সমন্বয়ক বরাবর প্রেরণ করতে হবে।

৬.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-২০-০৫-২০১৯
(এম এ মান্নান এমপি)
মন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়

নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০৯.১৯.২০৫

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
২০ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৫. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ , ঢাকা/ পরিসংখ্যাণ ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা/ বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৯. সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল),পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ , ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যাণ ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা ( **Website** এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

২০|০৫|২০১৯

(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯১১৮০৪৮৫
ই-মেইলঃ dsplandivco@gmail.com